**THE STATE EDUCATION DEPARTMENT** / THE UNIVERSITY OF THE STATE OF NEW YORK / ALBANY, NY 12234

Angelica Infante-Green, Associate Commissioner
Office of Bilingual Education and World Languages

55 Hanson Place, Room 594
Brooklyn, New York 11217
Tel: (718) 722-2445 / Fax: (718) 722-2459

89 Washington Avenue, Room 528EB
Albany, New York 12234
(518) 474-8775/ Fax: (518) 474-7948

# নিউ ইয়র্ক স্টেটের ইংরেজি ভাষা শিক্ষার্থীদের জন্য পিতামাতার অধিকারের সনদ

নিউ ইয়র্ক স্টেট শিক্ষা বিভাগ (নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট, NYSED)-এর কমিশনার প্রবিধান পার্ট 154 আপনাকে - ইংরেজি ভাষা শিক্ষার্থী (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স, ELL)-এর পিতামাতা/অভিভাবকদেরকে প্রদান করে:

1. আপনি যে এলাকায় বসবাস করেন সেখানকার স্কুল ডিস্ট্রিক্টে আপনার ছেলেমেয়েদের বিনামূল্যে সরকারি শিক্ষা পাওয়ার অধিকার, আপনার বা আপনার ছেলেমেয়েদের ইমিগ্রেশন স্ট্যাটাস যাই হোক না কেন (যেমন, আপনার পরিবারের সদস্যরা নাগরিক, ইমিগ্র্যান্ট, বা কাগজপত্রবিহীন যাই হোক না কেন) এবং আপনি বা আপনার ছেলেমেয়েরা যে ভাষাতেই কথা বলেন না কেন।

2. আপনার বা আপনার ছেলেমেয়েদের ইমিগ্রেশন স্ট্যাটাসকে প্রকাশ করে দিতে পারে এমন তথ্য বা কাগজপত্র দেয়ার অনুরোধের সম্মুখীন হওয়া ছাড়াই আপনার ছেলেমেয়েদেরকে স্কুলে ভর্তি করানোর অধিকার। আপনাকে সোশ্যাল সিকিউরিটি কার্ড বা নম্বর, ইমিগ্রেশন ভিসা বা ভিসা স্ট্যাটাস, অথবা সিটিজেনশিপের কাগজপত্র বা সিটিজেনশিপ স্ট্যাটাস সম্পর্কে তথ্য দেয়ার জন্য বলা যাবে না।

3. স্কুল ডিস্ট্রিক্টের সাথে গুরুত্বপূর্ণ যোগাযোগের সময় আপনার পছন্দনীয় ভাষায় একজন যোগ্য দোভাষী/অনুবাদক পাওয়ার জন্য ফেডারেল আইন অনুযায়ী অধিকার।

4. একই মাতৃভাষা/বাড়িতে ব্যবহৃত ভাষায় কথা বলা 20 বা ততোধিক গ্রেড-লেভেল শিক্ষার্থী থাকলে আপনার সন্তানের জন্য একটি দ্বিভাষী শিক্ষা (বাইলিঙ্গুয়াল এডুকেশন, BE) কর্মসূচি পাওয়ার অধিকার।[1]

5. আপনার ছেলেমেয়েরা ইএলএল হিসেবে চিহ্নিত হলে এবং দ্বিভাষী শিক্ষা বা নতুন ভাষা হিসেবে ইংরেজি (ইংলিশ এজ এ নিউ ল্যাঙ্গুয়েজ) (আগে বলা হতো দ্বিতীয় ভাষা হিসেবে ইংরেজি) কর্মসূচিতে ভর্তি করার জন্য মনোনীত হলে ইংরেজিতে এবং আপনার পছন্দনীয় ভাষায় লিখিত বিজ্ঞপ্তি পাওয়ার অধিকার।[2]

[1] অ্যাসপিরা কনসেন্ট ডিক্রি অনুযায়ী, নিউ ইয়র্ক সিটিতে, K-8 গ্রেডের পাশাপাশি দু'টি গ্রেডে গ্রেড-পর্যায়ের 15 বা ততোধিক শিক্ষার্থী একই ভাষায় কথা বললে একটি দ্বিভাষী শিক্ষা কর্মসূচি পরিচালনা করা আবশ্যক। যদি কোনো স্কুলে পর্যাপ্ত সংখ্যক যোগ্য শিক্ষার্থী না থাকে, কিন্তু সেই ডিস্ট্রিক্টের মধ্যে থাকে, তাহলে ডিস্ট্রিক্টকে অবশ্যই একটি দ্বিভাষী শিক্ষা কর্মসূচির ব্যবস্থা করতে হবে।

[2] সব ইএলএল-রা "নতুন ভাষা হিসেবে ইংরেজি" কোর্সের মাধ্যমে তাদের ইংরেজি দক্ষতার উন্নতি করে থাকে। সেইসাথে, দ্বিভাষী শিক্ষা কর্মসূচিতে থাকা শিক্ষার্থীরা মাতৃভাষা শৈলীও গ্রহণ করে থাকে। একটি দ্বিভাষী শিক্ষা কর্মসূচিতে মূল বিষয়গুলোর কোর্সগুলো (যেমন, গণিত, বিজ্ঞান, ও সমাজপাঠ) ইংরেজি ও তাদের মাতৃভাষা *উভয়টিতে* পরিচালনা করা হয়। যারা দ্বিভাষী শিক্ষা কর্মসূচিতে অংশ নেয় না তারা বিষয়গুলোর কোর্সগুলো *ইংরেজিতে* নিয়ে থাকে।

**THE STATE EDUCATION DEPARTMENT** / THE UNIVERSITY OF THE STATE OF NEW YORK / ALBANY, NY 12234

Angelica Infante-Green, Associate Commissioner
Office of Bilingual Education and World Languages

55 Hanson Place, Room 594
Brooklyn, New York 11217
Tel: (718) 722-2445 / Fax: (718) 722-2459

89 Washington Avenue, Room 528EB
Albany, New York 12234
(518) 474-8775/ Fax: (518) 474-7948

6. আপনার স্কুল ডিস্ট্রিক্ট আয়োজিত উচ্চ মানসম্পন্ন একটি ওরিয়েন্টেশন সেশন পাওয়ার অধিকার, যা স্টেটের মানদণ্ড, পরীক্ষা, ও ইএলএল-দের জন্য স্কুলের প্রত্যাশাগুলো, এবং সেইসাথে দ্বিভাষী শিক্ষা ও ইংলিশ এজ এ নিউ ল্যাঙ্গুয়েজ কর্মসূচির লক্ষ্য ও শর্তগুলোর উপর মনোযোগ দেয়। স্কুলের কর্মসূচিতে চূড়ান্তভাবে ভর্তি করার আগে এই ওরিন্টেশন অবশ্যই অনুষ্ঠিত হতে হবে, এবং অবশ্যই আপনার পছন্দনীয় ভাষায় হতে হবে।

7. আপনার ছেলেমেয়েদের ইংরেজি ভাষায় উন্নতি করা সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার, এবং তারা দ্বিভাষী শিক্ষা কর্মসূচিতে থাকলে তাদের মাতৃভাষায় উন্নতি করা সম্পর্কেও তথ্য পাওয়ার অধিকার।

8. আপনার ছেলেমেয়েদের সার্বিক শিক্ষা ও ভাষা উন্নয়নের ক্ষেত্রে অগ্রগতি সম্পর্কে আলোচনা করার জন্য, সাধারণভাবে আবশ্যক বৈঠকগুলোর পাশাপাশি, বছরে কমপক্ষে একবার স্কুলের স্টাফদের সাথে দেখা করার অধিকার।

9. ভর্তি হওয়ার 10 দিনের মধ্যে আপনার ছেলেমেয়েদেরকে দ্বিভাষী শিক্ষা বা নতুন ভাষা হিসেবে ইংরেজি কর্মসূচিতে স্থান দেয়ার অধিকার, এবং দ্বিভাষী শিক্ষা কর্মসূচিতে অংশ না নেয়ার অধিকার। ন্যূনতমভাবে, আপনার ছেলেমেয়েরা অবশ্যই নতুন ভাষা হিসেবে ইংরেজি শিক্ষানির্দেশনা পেতে হবে।

10. আপনার ছেলেমেয়েদের মূল স্কুলে আপনার ভাষায় দ্বিভাষী শিক্ষা কর্মসূচি প্রদান করা না হলে, আপনার ডিস্ট্রিক্টে অনুরূপ কর্মসূচি প্রদান করা হয় এমন আরেকটি স্কুলে আপনার ছেলেমেয়েদের বদলি হওয়ার অধিকার।

11. বয়স ও গ্রেড লেভেল অনুযায়ী স্কুল ডিস্ট্রিক্টের প্রদান করা সব কর্মসূচি ও পরিষেবায় সমান প্রবেশাধিকার পাওয়ার জন্য আপনার ছেলেমেয়ের অধিকার, এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে গ্র্যাজুয়েশনের জন্য আবশ্যকগুলো, এবং অন্য শিক্ষার্থীদের জন্য লভ্য স্কুলের সকল কর্মসূচিসমূহ।

12. অন্য সব ছেলেমেয়েদের মত একই একাডেমিক স্তরে সবগুলো মূল বিষয়ের শিক্ষানির্দেশনা পাওয়ার জন্য, এবং ইংরেজি ও অন্যান্য বিষয় যেমন পাঠ/ভাষা শৈলী, গণিত, বিজ্ঞান, ও সমাজপাঠ শেখার জন্য আপনার ছেলেমেয়েদের অধিকার। ইএলএল সার্ভিসের জন্য যোগ্য হওয়ার কারণে মূল বিষয়গুলোর শিক্ষানির্দেশনা পাওয়ার সক্ষমতা সীমিত হয় না।

13. পাঠক্রম-বহির্ভুত কর্মকাণ্ডে (স্কুল ছুটি-পরবর্তী ক্লাব, খেলাধুলা, ইত্যাদি) অংশ নেয়ার পূর্ণ সুযোগ পাওয়ার জন্য আপনার ছেলেমেয়েদের অধিকার। ইএলএল সার্ভিসের জন্য যোগ্য হওয়ার কারণে পাঠক্রম-বহির্ভুত কর্মকাণ্ডে অংশ নেয়ার সক্ষমতা সীমিত হয় না।

**THE STATE EDUCATION DEPARTMENT** / THE UNIVERSITY OF THE STATE OF NEW YORK / ALBANY, NY 12234

Angelica Infante-Green, Associate Commissioner
Office of Bilingual Education and World Languages

55 Hanson Place, Room 594
Brooklyn, New York 11217
Tel: (718) 722-2445 / Fax: (718) 722-2459

89 Washington Avenue, Room 528EB
Albany, New York 12234
(518) 474-8775/ Fax: (518) 474-7948

14. স্কুল/ডিস্ট্রিক্ট সব শিক্ষার্থীদের জন্য যে হস্তক্ষেপ পরিকল্পনা প্রদান করে তার সাথে সামঞ্জস্যপূর্ণভাবে সহায়তা পরিষেবা (যেমন, একাডেমিক ইন্টারভেনশন সার্ভিস) পাওয়ার জন্য আপনার ছেলেমেয়েদের অধিকার।

15. আপনার ছেলেমেয়েদের ইংরেজি ভাষায় অগ্রগতি মূল্যায়ন করার জন্য পরীক্ষায় অংশ নেয়ার অধিকার, এবং নিউ ইয়র্ক স্টেটের পরীক্ষাসহ একাডেমিক পরীক্ষাগুলোতে আপনার ছেলেমেয়েদের নৈপুণ্য সম্পর্কে তথ্য পাওয়ার অধিকার।

16. আপনার ছেলেমেয়েরা ইএলএল কর্মসূচিতে থাকার সময় বছরের পর বছর একটি দ্বিভাষী শিক্ষায় বা নতুন ভাষা হিসেবে ইংরেজি কর্মসূচিতে ভর্তি থাকার অধিকার।

17. উপরে উল্লিখিত কোনো অধিকার লঙ্ঘিত হলে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের অফিস অব বাইলিঙ্গুয়াল এডুকেশন ও ওয়ার্ল্ড ল্যাঙ্গুয়েজের সাথে যোগাযোগ করার অধিকার। অনুগ্রহ করে আমাদেরকে 718-722-2445 নম্বরে ফোন করুন, বা OBEFLS@nysed.gov ঠিকানায় ইমেইল করুন। www.p12.nysed.gov/biling ওয়েবসাইট দেখুন, বা নিচের ঠিকানায় লিখুন:

New York State Education Department -
Office of Bilingual Education & World Languages -
55 Hanson Place, Room 594 -
Brooklyn, NY 11217 -